

রাজস্বের প্রবৃদ্ধি



ই-মেইল/জিইপি/বাহক
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
১৫২/১, এস ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা
www.cevccomilla.gov.bd

স্মারক নম্বর: ১ম/সাধারণ-১(০৮)/কম্পিউটার সামগ্রী/উন্মুক্ত দরপত্র/২০২০-২১/২০২০/৮৬৬

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ২৪২৮
০৩ জুন ২০২১

বিষয়ঃ কম্পিউটার ও আনুষঙ্গিক, কম্পিউটার সামগ্রী ও অন্যান্য মনিহারি সরবরাহের কার্যাদেশ প্রদান।


সূত্রঃ আপনার ০৩/০৬/২০২১ খ্রিঃ তারিখের দাখিলকৃত দরপত্র।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লার পক্ষ হতে কম্পিউটার ও আনুষঙ্গিক, কম্পিউটার সামগ্রী, আসবাবপত্র ও অন্যান্য মনিহারি সামগ্রী ক্রয়ের নিমিত্তে গত ২০-০৫-২০২১ খ্রিঃ তারিখে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়েছে। সে মোতাবেক আপনার “জেমস ট্রেডিং বিডি, ১৪০১/১৪০২ রেসকোর্স (উত্তর), কুমিল্লা” নামীয় প্রতিষ্ঠান সর্বনিম্ন দরদাতা হিসেবে লট-১: কম্পিউটার ও আনুষঙ্গিক এর বিপরীতে ৬,০৬,০০০/- (ছয় লক্ষ ছয় হাজার) টাকা; লট-২: কম্পিউটার সামগ্রী এর বিপরীতে ৩,৫৫,৪০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার চারশত) টাকা; লট-৪: অন্যান্য মনিহারি এর বিপরীতে ৭,৪০,০৪৭/- (সাত লক্ষ চল্লিশ হাজার সাতচল্লিশ) টাকা; দরপ্রস্তাব করায় এবং দরপত্রে উল্লিখিত সকল শর্তাবলী পূরণ করায়, দরপত্র যাচাই ও মূল্যায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতে সর্বনিম্ন দরপ্রস্তাবকারী হিসেবে আপনার প্রতিষ্ঠান “জেমস ট্রেডিং বিডি, ১৪০১/১৪০২ রেসকোর্স (উত্তর), কুমিল্লা” কে মনোনীত করা হলো।

২। এমতাবস্থায়, আপনার দরপ্রস্তাব অনুযায়ী শর্ত সাপেক্ষে টেন্ডার সিডিউল এ বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক পণ্যসমূহ নির্দিষ্ট সময়ে সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হলো।

শর্তাবলী:

- ❖ কার্যাদেশ প্রাপ্তির ০৫ (পাঁচ) দিনের মধ্যে পণ্যসমূহ সরবরাহ করতে হবে।
- ❖ পণ্যসমূহ সরবরাহের পর কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লার অনুকূলে ০২ (দুই) প্রস্থ বিল দাখিল করতে হবে।
- ❖ ২০২০-২১ অর্থবছরের রাজস্ব বাজেট বরাদ্দ হতে এ ব্যয় নির্বাহ করা হবে এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে বিলের চেক প্রাপ্তি সাপেক্ষে তা পরিশোধ করা হবে।
- ❖ সরকারি বিধি মোতাবেক বিল হতে উৎসে মূসক ও আয়কর কর্তন করা হবে।
- ❖ পণ্যসমূহ শিডিউলে বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক সরবরাহ করতে হবে।
- ❖ এছাড়া দরপত্রে উল্লিখিত অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।


(মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী)
কমিশনার

ফোন: ০৮১-৬৯২৯১।

E-mail: cevccomilla@gmail.com

জেমস ট্রেডিং বিডি
১৪০১/১৪০২ রেসকোর্স (উত্তর)
কুমিল্লা।

স্মারক নম্বর: ১ম/সাধারণ-১(০৮)/কম্পিউটার সামগ্রী/উন্মুক্ত দরপত্র/২০২০-২১/২০২০/৮৬৭(১-৩) তারিখ: ২০ জ্যৈষ্ঠ ২৪২৮
০৩ জুন ২০২১

জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। জেলা হিসাবরক্ষন কর্মকর্তা, হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা।
- ২। সহকারী প্রোগ্রামার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, কুমিল্লা (তাকে উক্ত আদেশের কপি এ দপ্তরের ওয়েবসাইটে সংযুক্ত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। হিসাব শাখা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, কুমিল্লা।



০৩.০৬.২০২১
(মোহাম্মদ ছালাউদ্দিন রিপন)
সহকারী কমিশনার (সদর)
কমিশনারের পক্ষে।